



## বেগম খালেদা জিয়ার জানাজায় নারীদের জন্য থাকছে আলাদা ব্যবস্থা



সংগৃহীত ছবি

সাবেক প্রধানমন্ত্রী ও বিএনপির চেয়ারপারসন বেগম খালেদা জিয়ার নামাজে জানাজায় নারীদের অংশগ্রহণ নিবিড় করতে বিশেষ ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। মঙ্গলবার (৩০ ডিসেম্বর) প্রধান উপদেষ্টার প্রেস উইং এ তথ্য জানিয়েছে।

প্রেস উইংয়ের পক্ষ থেকে বলা হয়, বেগম খালেদা জিয়ার মৃত্যুতে দেশজুড়ে শোকের আবহ বিরাজ করছে। তাকে শেষবারের মতো শ্রদ্ধা জানাতে যাতে সমাজের সব স্তরের মানুষ নিরাপদ ও সুশৃঙ্খলভাবে অংশ নিতে পারেন, সে লক্ষ্যে প্রয়োজনীয় প্রস্তুতি নিয়েছে অন্তর্বর্তী সরকার।

এই ব্যবস্থার অংশ হিসেবে জানাজায় অংশ নিতে ইচ্ছুক নারীদের জন্য আলাদা স্থান নির্ধারণ করা হয়েছে। জাতীয় সংসদ ভবনের দক্ষিণ প্লাজা এবং মানিক মিয়া এডিনিউ এলাকায় নারীদের জন্য পৃথকভাবে আয়োজন রাখা হয়েছে, যাতে তারা স্বাচ্ছন্দ্য ও নিরাপত্তার সঙ্গে ধর্মীয় আনুষ্ঠানিকতায় অংশ নিতে পারেন।

উল্লেখ্য, বেগম খালেদা জিয়ার নামাজে জানাজা বাদ জোহর দুপুর ২টায় অনুষ্ঠিত হবে। নিরাপত্তা বিবেচনায় জানাজায় অংশগ্রহণকারীদের কোনো ধরনের ব্যাগ বা বহনযোগ্য সামগ্রী সঙ্গে না আনার জন্য অনুরোধ জানিয়েছে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ।